

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০০

ভর্তির জন্য অনলাইনে বিভাগ পছন্দের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি (২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্স)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮-ইং শিক্ষাবর্ষে বিভিন্ন বিভাগে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তির জন্য গত ২০ অক্টোবর, ২০১৭ইং তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফল গত ২৩/১০/১৭ইং তারিখ প্রকাশ করা হয়। উক্ত ফলাফলের প্রেক্ষিতে ১ম পর্যায়ে মেধা তালিকার প্রথম ২০০০ জনকে আগামী ২৫/১১/১৭ইং তারিখে ভর্তির জন্য সনদপত্র যাচাই কমিটির সামনে উপস্থিত হওয়ার জন্য বলা হয়।

১ম পর্যায়ে মেধা তালিকার ১ম হইতে ২০০০তম প্রার্থীকে আগামী ১৫/১১/১৭ইং সকাল ১০-০০ ঘটিকা হইতে ২৫/১১/১৭ইং তারিখ সকাল ৮-৩০ মি. পর্যন্ত ভর্তিচ্ছু প্রার্থীদের বিভাগ পছন্দক্রম admission.kuet.ac.bd -ওয়েব সাইটে online-এর মাধ্যমে পূরণ করিয়া Submit করিতে হইবে এবং পছন্দক্রমের প্রিন্ট কপি যাচাই কমিটির সামনে উপস্থাপন করিবার জন্য সংরক্ষণ করিতে হইবে। উল্লেখ্য, বিভাগ পছন্দক্রম জমা দেওয়ার বিষয়টি ভর্তির জন্য কোন নিশ্চয়তা প্রদান করিবে না। কোনো বিভাগে ভর্তি সম্পূর্ণরূপে মেধার ভিত্তিতে, পছন্দক্রম অনুসারে ও আসন খালি থাকা সাপেক্ষে হইবে।

মেধা তালিকার ১ম হইতে ২০০০তম প্রার্থীর বিভাগ পছন্দ পূরণকৃত ফরম, রিপোর্টিং ও ভর্তি সংক্রান্ত তারিখ ও সময়সূচি	
অনলাইনে বিভাগ পছন্দ ফরম পূরণ	১৫/১১/১৭ইং তারিখ রোজ বুধবার সকাল ১০-০০ ঘটিকা হইতে ২৫/১১/১৭ইং রোজ শনিবার তারিখ সকাল ৮-৩০ মি. পর্যন্ত
রিপোর্টিং-এর তারিখ ও সময়	২৫/১১/১৭ইং, রোজ শনিবার সকাল ৯-০০ ঘটিকা থেকে দুপুর ১-০০ ঘটিকা পর্যন্ত
মূল সনদপ্রাপ্তি ও বিভাগ পছন্দক্রম শীট যাচাই ও জমাদান শুরু	২৫/১১/১৭ইং, রোজ শনিবার সকাল ৯-৩০ মিনিট
স্বাস্থ্য পরীক্ষা শুরু	২৫/১১/১৭ইং, রোজ শনিবার সকাল ১০-৩০ মিনিট
বিভাগ পছন্দক্রম, মেধাক্রম ও আসন খালি থাকা সাপেক্ষে উপস্থিত প্রার্থীদের সম্ভাব্য বিভাগ বরাদ্দ	২৬/১১/১৭ইং, রোজ রবিবার, সকাল ৯-০০ ঘটিকা
ভর্তিচ্ছু প্রার্থীর ভর্তির ফিস জমা প্রদানের ফরম ব্যাংক থেকে সংগ্রহ করে ফিস প্রদান	২৬/১১/২০১৭ইং তারিখ রোজ রবিবার হইতে ২৮/১১/২০১৭ইং তারিখ রোজ মঙ্গলবার পর্যন্ত (প্রতিদিন সকাল ১০-০০ ঘটিকা হইতে বিকাল ৪-০০ ঘটিকা)
ব্যাংক ফিস জমাদান পূর্বক শিক্ষা শাখার কপি অফিসে জমা দিয়া ভর্তির নিশ্চিতপত্র (Confirmation Letter of Admission) গ্রহণ	২৬/১১/২০১৭ইং তারিখ রোজ রবিবার হইতে ২৮/১১/২০১৭ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত

ভর্তির সময় যাচাই-বাছাই কমিটির নিকট নিম্নলিখিত কাগজপত্রাদি জমা দিতে হইবে

- * বোর্ড কর্তৃক প্রদত্ত মূল (Original) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীটসমূহ
- * মাধ্যমিক পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র, উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রশংসা পত্র
- * সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট ও ৪ (চার) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গীন ছবি
- * স্বাক্ষরসহ বিভাগ পছন্দক্রম শীট

বি.দ্র:

- ১। যাচাই-বাছাই কমিটির নিকট বিভাগ পছন্দক্রম নিশ্চিত করিবার পর তাহা পরিবর্তন করা যাইবে না।
- ২। প্রাপ্ত বিভাগে ভর্তির পর ভর্তিকৃত প্রার্থীর পছন্দ অনুযায়ী ও মেধাক্রমের ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে (Auto Migration) বিভাগ পরিবর্তন হইয়া যাইবে। তবে ভর্তিকৃত বিভাগ পরিবর্তন করিতে না চাহিলে অবশ্যই “Auto Migration” বন্ধের জন্য নির্ধারিত আবেদনপত্র ২৮/১১/২০১৭ইং তারিখ বিকাল ৫-০০ ঘটিকার মধ্যে শিক্ষা শাখায় জমা দিতে হইবে।
- ৩। জমাকৃত মূল (Original) সনদপত্র, প্রশংসাপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীটসমূহ ভুলি বাতিল করিলে অথবা ভুলি না হইলে ফেরত পাওয়া যাইবে।

(প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার)

সভাপতি, ভর্তি পরীক্ষা কমিটি

শিক্ষাবর্ষঃ ২০ ১৭-২০ ১৮

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়